দামুড়হুদায় কারেন্ট জাল ব্যবহার ও বিক্রির দায়ে ৫ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ডুগডুগী বাজারে মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন বাস্তবায়নে পরিচালিত মোবাইল কোর্টে অবৈধ কারেন্ট জাল ব্যবহার ও বিক্রির দায়ে এক ব্যক্তিকে ৫ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে।

একই সঙ্গে জব্দ করা হয়েছে প্রায় ৪০০ মিটার অবৈধ কারেন্ট জাল, যা পরে পুড়িয়ে বিনষ্ট করা হয়।

সোমবার বেলা ২টার দিকে উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তার সহযোগিতায় ডুগডুগী বাজার এলাকায় এ মোবাইল কোর্ট পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহীন আলম।

মোবাইল কোর্ট সূত্রে জানা যায়, মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ অনুযায়ী নাটোর জেলার গোদাগাড়ী উপজেলার তফিজ সর্দারের ছেলে বুলবুল (৩৭)-কে অবৈধ কারেন্ট জাল ব্যবহার ও বিক্রির দায়ে ৫ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

একই সময়ে অভিযান চালিয়ে প্রায় ৪০০ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করা হয়। পরে জব্দ করা জাল জনসম্মুখে পুড়িয়ে বিনষ্ট করা হয়।

উপজেলা প্রশাসন জানায়, দেশের মৎস্যসম্পদ সংরক্ষণ, মাছের নিরাপদ প্রজনন নিশ্চিত করা এবং অবৈধ কারেন্ট জালের ব্যবহার বন্ধে এ ধরনের অভিযান ভবিষ্যতেও নিয়মিত পরিচালনা করা হবে। এ বিষয়ে আইন অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ অব্যাহত থাকবে।

দামুড়হুদায় খালে মাছ ধরতে গিয়ে কিশোর নিখোঁজ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার নতুন বাস্তপুর শামরার মাঠ এলাকার মরগাং নদী (খাল) থেকে মাছ ধরতে গিয়ে মোহাম্মদ সায়েম (১৬) নামে এক কিশোর নিখোঁজ হওয়ার প্রায় ১০ ঘণ্টা পর তার মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস ও ডুবুরি দল।

নিহত সায়েম নতুন বাস্তপুর গ্রামের শরিফুল ইসলামের ছেলে এবং দামুড়হুদা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র।

গতকাল শুক্রবার দুপুর আনুমানিক সাড়ে ১২টার দিকে সায়েম তার ছোট চাচা জাকির হোসেনের সঙ্গে ঠেলা জাল দিয়ে মরগাং খালে মাছ ধরতে যায়। এ সময় মাঠ থেকে নেমে আসা প্রবল পানির স্রোতে সে ঠেলা জালসহ খালের পানিতে ভেসে গিয়ে তলিয়ে যায়। বিষয়টি টের পেয়ে তার চাচা ও স্থানীয়রা দীর্ঘ সময় খোঁজাখুঁজি করেও তাকে উদ্ধার করতে ব্যর্থ হন।

খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌঁছে অভিযান শুরু করে। পরে উন্নত উদ্ধার সরঞ্জামসহ খুলনা থেকে ডুবুরি দল বিকেল সাড়ে ৫টার দিকে ঘটনাস্থলে এসে উদ্ধার কার্যক্রমে যোগ দেয়। কয়েক ঘণ্টার টানা অভিযানের পর সন্ধ্যায় ডুবুরি দল সায়েমের মরদেহ উদ্ধার করতে সক্ষম হয়।

সায়েমের অকাল মৃত্যুর খবরে পরিবারে শোকের মাতম নেমে আসে। এলাকাজুড়েও নেমে আসে গভীর শোকের ছায়া।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেজবাহ উদ্দিন বলেন, “ডুবুরি দল শেষ পর্যন্ত সায়েমের মরদেহ উদ্ধার করেছে। এ ঘটনায় কারও কোনো অভিযোগ না থাকায় থানায় একটি অপমৃত্যু (ইউডি) মামলা দায়ের করা হয়েছে।”

দামুড়হুদায় ক্ষুদে শিক্ষার্থীদের মাঝে ফুটবল বিতরণ

“তোমরাই আমাদের সন্তান, আগামীর ভবিষ্যৎ, বাংলাদেশের অহংকার” এই প্রত্যয়কে সামনে রেখে দামুড়হুদা সদর ইউনিয়নের মাঠে ক্ষুদে শিক্ষার্থীদের হাতে ফুটবল তুলে দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার নিজ এলাকার ক্ষুদে শিক্ষার্থীদের আবদারে তাদের হাতে খেলাধুলার প্রতীক হিসেবে দুটি ফুটবল তুলে দিয়েছেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদের স্বতন্ত্র প্রার্থী ও দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো. মুরশেদ বীন ফয়সাল (তানজীর)।

নিজ অর্থায়নে শিক্ষার্থীদের এই উপহার প্রদানকালে তিনি বলেন, “লেখাপড়ার পাশাপাশি শিশু-কিশোরদের মানসিক ও শারীরিক বিকাশে খেলাধুলার কোনো বিকল্প নেই। বর্তমান সময়ে মাদক, বিভিন্ন অপরাধ এবং অতিরিক্ত মোবাইল ফোনের আসক্তি থেকে নতুন প্রজন্মকে দূরে রাখতে তাদের খেলাধুলার প্রতি আরও বেশি উৎসাহিত করতে হবে।”

তিনি আরও বলেন, “আমি বিশ্বাস করি, এই ছোট্ট উপহারটি শিক্ষার্থীদের মনে আনন্দ সৃষ্টি করবে এবং তাদের মধ্যে খেলাধুলার প্রতি আগ্রহ, শৃঙ্খলাবোধ ও দলগত ঐক্যের চেতনা গড়ে তুলতে সহায়ক হবে।”

এ সময় তিনি উপস্থিত সকলের কাছে দেশের ভবিষ্যৎ প্রজন্মের জন্য দোয়া কামনা করে বলেন, “আমাদের এই শিশুরা যেন সুস্থ, সুন্দর ও মানবিক মানুষ হিসেবে বেড়ে ওঠে এবং ভবিষ্যতে দেশ ও জনগণের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।”

স্থানীয়রা এ উদ্যোগকে সাধুবাদ জানিয়ে বলেন, শিশুদের খেলাধুলায় উৎসাহিত করতে সমাজের বিত্তবান ও জনপ্রতিনিধিদের এমন মানবিক উদ্যোগ আরও বাড়ানো উচিত।

দামুড়হুদায় দুই মাদক কারবারি ও এক চোর গ্রেপ্তার

দামুড়হুদা মডেল থানা-পুলিশের বিশেষ অভিযানে দুই মাদক কারবারি ও একজন চোরকে গ্রেপ্তার করা হয়েছে। আজ বৃহস্পতিবার তাদেরকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন উপজেলার জয়রামপুর গ্রামের কলোনিপাড়ার মৃত মাদার শেখের ছেলে মানিক শেখ (৪০), চন্দ্রবাস গ্রামের তরফদারপাড়ার মৃত অহেদ শেখের ছেলে মিজানুর শেখ (৩১) এবং জয়রামপুর স্টেশনপাড়ার সাজু শেখের ছেলে অন্তর আলী (১৯)।

পুলিশ সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিনের দিকনির্দেশনায় গত বুধবার দিবাগত রাতে পৃথক অভিযান চালানো হয়। অভিযানে মাদক কারবারের অভিযোগে জয়রামপুর স্টেশন এলাকা থেকে মানিক শেখকে এবং চুরির অভিযোগে অন্তর আলীকে গ্রেপ্তার করা হয়। একই রাতে চন্দ্রবাস গ্রামের তরফদারপাড়া থেকে মাদক কারবার ও মাদক সেবনের অভিযোগে মিজানুর শেখকে গ্রেপ্তার করে পুলিশ।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিন বলেন, গ্রেপ্তারকৃত আসামিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলা দায়ের করা হয়েছে। গতকালই তাদেরকে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদায় চকলেটের প্রলোভনে

স্কুলছাত্রীকে অপহরণের চেষ্টা, যুবক আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ইব্রাহিমপুর গ্রামে চকলেট কিনে দেওয়ার প্রলোভন দেখিয়ে এক স্কুলছাত্রীকে অপহরণের চেষ্টার অভিযোগে মোঃ জনি (২০) নামের এক যুবককে আটক করেছে স্থানীয় জনতা।

পরে তাকে দামুড়হুদা মডেল থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়েছে। ওই ঘটনায় গতকাল সোমবার (৬ জুলায়) রাত ৯টার দিকে মেয়ের বাবা হৃদয় বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় নারী ও শিশু নির্যাতন আইনে মামলা হয়েছে। আটকৃত জনি বিষ্ণুপুর (কাসারীপাড়া) গ্রামের সৌরভ হোসেনের ছেলে।

আজ মঙ্গলবার দুপুরে আসামিকে আদালতে পাঠিয়েছে মডেল থানা পুলিশ।মামলার এজাহার সূত্রে জানা গেছে, ইব্রাহিমপুর (মসজিদপাড়া) গ্রামের বাসিন্দা পাখিভ্যানচালক মো.হৃদয় আলীর মেয়ে লিলাফী খাতুন
(০৯) একই গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণির ছাত্রী।

গতকাল সোমবার সকাল ৯টার দিকে স্কুলে যাওয়ার পথে ইব্রাহিমপুর বড় মসজিদের পাশের একটি দোকানে চকলেট কিনতে দাঁড়ায় তখন দোকানে দোকানদার ছিলনা। এ সময় মো, জনি সেখানে এসে নিজেকে শিশুটির বাবার বন্ধু পরিচয় দিয়ে অন্য দোকান থেকে চকলেট কিনে দেওয়ার কথা বলে।

শিশুটি তার কথায় বিশ্বাস করে জনির বাইসাইকেলে ওঠে।তখন সে,স্কুলের দিকে না গিয়ে শিশুটিকে ইব্রাহিমপুর কবরস্থানের পাশ দিয়ে অন্য পথে নিয়ে যেতে শুরু করলে শিশুটি চিৎকার করে। তার চিৎকার শুরু করে তার চিৎতকার শুনে স্থানীয় লোকজন ছুটে এসে জনিকে আটক করে।

পরে তাকে বিষ্ণুপুর বাজারের একটি ক্লাবঘরে আটকে রাখা হয় এবং শিশুটির পরিবারের সদস্যদের খবর দেওয়া হয়।

খবর পেয়ে শিশুটির বাবা ঘটনাস্থলে গিয়ে মেয়ের কাছ থেকে ঘটনার বিস্তারিত জানতে পারেন। পরে স্থানীয় লোকজন সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বিষয়টি দামুড়হুদা মডেল থানায় জানালে রাত সাড়ে ৮টার দিকে থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে অভিযুক্ত যুবক ও শিশুটিকে নিজেদের

হেফাজতে নেয়।

স্থানীয়দের মারধরে আহত হওয়ায় অভিযুক্তকে প্রথমে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হয়। পরে শিশুটির বাবার দায়ের করা মামলায় তাকে গ্রেপ্তার দেখিয়ে আজ মঙ্গলবার আদালতে সোপর্দ করা হয়েছে।

এ ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত আজাদ রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এ বিষয়ে নারী ও শিশু নির্যাতন আইনে মামলা হয়েছে।আসামিকে আজ দুপুরে আদালতে সোর্পদ করা হয়েছে।

দামুড়হুদায় মাদকবিরোধী যুব সমাবেশে এসপি রুহুল কবীর খানের কঠোর হুঁশিয়ারি

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ফকিরপাড়া গ্রামে সর্বস্তরের জনসাধারণের মধ্যে মাদকের ভয়াবহতা ও কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ‘মাদকবিরোধী যুব সমাবেশ’ অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকাল সাড়ে ৪টায় ফকিরপাড়া গ্রামে মাদক নিয়ন্ত্রণে ফকিরপাড়া সচেতন যুব সমাজের উদ্যোগে আয়োজিত এ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা মডেল থানার ওসি (তদন্ত) আজাদ রহমান, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক, সদর ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আনছার আলী,১নং ওয়ার্ড বিএনপির সভাপতি জামাল উদ্দিন, সাধারণ সম্পাদক বদর মনি সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, জনপ্রতিনিধি, যুবসমাজ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ সমাবেশে অংশগ্রহণ করেন।

প্রধান অতিথির বক্তব্যে পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খান মাদকের ভয়াবহ কুফল তুলে ধরে বলেন, “মাদক একটি পরিবার, সমাজ ও রাষ্ট্রকে ধ্বংস করে দেয়। তাই আজ থেকেই মাদক কেনাবেচা বন্ধ করতে হবে। যারা এখনও এই অপরাধে জড়িত আছেন, তারা স্বাভাবিক জীবনে ফিরে আসুন। অন্যথায় মাদক ব্যবসায়ী ও কারবারিদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। কোনো ধরনের ছাড় দেওয়া হবে না।”

তিনি আরও বলেন, সমাজ থেকে মাদক নির্মূলে শুধু পুলিশের একার পক্ষে সম্ভব নয়; এজন্য জনগণ, অভিভাবক, যুবসমাজ এবং সকল শ্রেণি-পেশার মানুষের সম্মিলিত সহযোগিতা প্রয়োজন।

অনুষ্ঠানের এক পর্যায়ে উপস্থিত জনতার সামনে ফকিরপাড়া গ্রামের খোকন এর ছেলে আশরাফুল পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খানের কাছে আত্মসমর্পণ করেন। তিনি প্রকাশ্যে মাদক ব্যবসা ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরে আসার অঙ্গীকার করেন। এ সময় পুলিশ সুপার তাকে সৎ পথে চলার আহ্বান জানান এবং সমাজের মূল ধারায় ফিরে এসে আইন মেনে জীবনযাপন করার সুযোগ কাজে লাগানোর পরামর্শ দেন।

সমাবেশে বক্তারা মাদকমুক্ত সমাজ গঠনে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান এবং যুবসমাজকে খেলাধুলা, শিক্ষা ও সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়ার ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে মাদকবিরোধী বিভিন্ন সচেতনতামূলক বক্তব্য ও প্রচারণা পরিচালনা করা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক ফয়জুল ইসলাম।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১০ আনসার সদস্য

নিয়োগ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সার্বিক নিরাপত্তা জোরদারের লক্ষ্যে ১০ জন আনসার সদস্য নিয়োগ উপলক্ষে আলোচনা সভা ও শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়েছে।

এ উপলক্ষে নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লাভলী ইয়াসমিন এবং উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মনিরুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

বৃহস্পতিবার (২ জুলাই) দুপুর আড়াইটার দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। পরে নবনিযুক্ত আনসার সদস্যদের দায়িত্ব গ্রহণ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় স্বাগত বক্তব্য রাখেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. মশিউর রহমান। তিনি বলেন, রোগী, রোগীর স্বজন এবং কর্মকর্তা-কর্মচারীদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে আনসার সদস্য নিয়োগ একটি সময়োপযোগী উদ্যোগ। এর ফলে হাসপাতালের শৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থা আরও শক্তিশালী হবে।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা লাভলী ইয়াসমিন বলেন, সরকারি প্রতিষ্ঠানে নিরাপদ ও সুশৃঙ্খল পরিবেশ নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

স্বাস্থ্যসেবার মানোন্নয়নের পাশাপাশি নিরাপত্তা নিশ্চিত করতে উপজেলা প্রশাসন প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত রাখবে। তিনি দায়িত্বপ্রাপ্ত আনসার সদস্যদের নিষ্ঠা, সততা ও দায়িত্বশীলতার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আবাসিক মেডিকেল কর্মকর্তা (আরএমও) ডা. মহিবুল্লাহ।

এ সময় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধান সহকারী আবু হাসান, এমটিপিআই (পিপিআই) ফারুক হোসেনসহ স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদায় ভিটামিন ‘এ’ ক্যাম্পেইন উপলক্ষে অবহিতকরণ সভা

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মশিউর রহমানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. শাহীন আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেজবাহ উদ্দিন।

অবহিতকরণ সভায় আলোচনার মাধ্যমে ভিটামিন ‘এ’-এর অভাবজনিত রাতকানা রোগ ও অপুষ্টিজনিত শিশু মৃত্যুর ঝুঁকি প্রতিরোধে ভিটামিন ‘এ’ এর গুরুত্ব তুলে ধরা হয়। এ সময় জানানো হয়, আগামী ২৮ জুন ২০২৬ (রবিবার) সারাদেশে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে।

ক্যাম্পেইনের আওতায় ৬ থেকে ১১ মাস বয়সী শিশুদের একটি করে নীল রঙের এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী শিশুদের একটি করে লাল রঙের উচ্চক্ষমতাসম্পন্ন ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে।

সভায় অভিভাবকদের স্বাস্থ্যবিধি মেনে নিকটস্থ টিকাকেন্দ্রে গিয়ে শিশুদের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানোর আহ্বান জানানো হয়। ক্যাম্পেইন সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. মহিবুল্লাহ, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মাওলানা মামুনুর রশিদ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অধীনস্থ বিভিন্ন সাব-সেন্টারের স্বাস্থ্যকর্মী এবং স্থানীয় সাংবাদিকবৃন্দ।